

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়  
বটিয়াঘাটা,খুলনা।

স্মারক নং- ০৫.৪৪.৪৭১২.০০০.২৭.০০২.২০-২০২১

তারিখ : ১৪ অগ্রহায়ণ ১৪২৭  
৩০ নভেম্বর ২০২০

বিষয় : কোভিড/১৯ এরসেকেন্ড ওয়েব মোকাবেলার জন্য হাটে উপস্থিত ক্রেতা/বিক্রেতাদের সচেতন করণ।

সূত্র : জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের কার্যালয়ের ১৫/০৩/২০২০ খ্রিঃ তারিখের ০৫.৪৪.৪৭০০. ০২২.১৮.০০২.  
২০-৩৭২ নম্বর স্মারকপত্র।

২) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়ের ১০/০৩/২০২০ খ্রিঃ তারিখের উঃস্বাঃকঃ/ বটিয়া/খুল/২০২০/  
২৬০ (১২) নম্বর স্মারকপত্র।


উপর্যুক্ত বিষয়ে সকল হাট-বাজারের সভাপতি/সম্পাদক ও ইজারাদাকে জানানো যাচ্ছে যে, মাননীয়  
প্রদানন্ত্রীর নির্দেশনা মোতাবেক কোভিড/১৯ এর সেকেন্ড ওয়েভ মোকাবেলার জন্য হাটে উপস্থিত ক্রেতা/বিক্রেতাদের  
সচেতন বৃদ্ধি করার নিমিত্তে হাট চলাকালীন সময় বিরতিহীনভাবে মাইকিং করতে হবে মর্মে জেলা ও উপজেলা করোনা  
ভাইরাস প্রতিরোধ কমিটিতে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত বিষয়গুলি অন্তর্ভুক্ত করে মাইকিং  
এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট হাটের সভাপতি/সম্পাদক ও ইজারাদারকে নির্দেশ প্রদান করা হলো।

- ১। হাট-বাজারের প্রবেশ পথে হাত ধোয়ার ব্যবস্থা রাখতে হবে।
- ২। হাট-বাজারে উপস্থিত সকল ক্রেতা/বিক্রেতাকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক “No Mask No Service” প্রতিপালনের জন্য মাস্ক  
ব্যতীত কোন ক্রেতার নিকট বিক্রেতা মালামাল বিক্রয় করতে পারবে না।
- ৪। সামাজিক দূরত্ব (৩ ফুট) বজায় রেখে ক্রেতা/বিক্রেতা মালামাল বিক্রয় নিশ্চিত করতে হবে।

উল্লেখ্য উক্ত নির্দেশনা প্রতিপালনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট হাটের সভাপতি/সম্পাদক ও ইজারাদার ব্যক্তিগতভাবে  
দায়ী থাকবেন এবং তাদের বিরুদ্ধে সংক্রামক রোগ প্রতিরোধ নিয়ন্ত্রণ ও নির্মূল আইন-২০১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ  
করা হবে।

প্রাপক :

জনাব-----ইজারাদার-----হাট,  
বটিয়াঘাটা, খুলনা।

  
মোঃ নজরুল ইসলাম  
উপজেলা নির্বাহী অফিসার  
বটিয়াঘাটা, খুলনা।  
৩০/১১/২০২০

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। মাননীয় ছইপ ও সংসদ সদস্য, খুলনা-১।
  - ২। জেলা প্রশাসক, খুলনা।
  - ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
  - ৪। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
  - ৫। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, বটিয়াঘাটা, খুলনা। ( উক্ত নির্দেশনার বাস্তবায়ন তদরকীর জন্য)
- ✓ সহকারী প্রোগ্রামার, বটিয়াঘাটা, খুলনা। (ওয়েব পোর্টালে আপলোডের জন্য)